গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-০৩ শাখা
www.moha.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০১.২৬. ০৭

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ / ২৮ জানুয়ারি ২০২৬

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহিম, ফ্যাক্টরী ওভারশীয়ার (চাকরি হতে বরখাস্তকৃত), খুলনা জেলা কারাগার-এর বিরুদ্ধে "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে "চাকরি হতে বরখাস্ত" সূচক গুরুদণ্ড প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা তার ওপর আরোপিত দণ্ডাদেশ মওকুফের নিমিত্ত আপিল দায়ের করেন; এবং

০২। যেহেতু, আপিলকারীর আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তার ওপর আরোপিত দণ্ড নির্ধারিত পদ্ধতি অনুসারে হয়েছে, অভিযোগের উপর প্রাপ্ত তথ্যাদি পর্যাপ্ত এবং আরোপিত দণ্ড যথার্থ ও ন্যায়ানুগ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;এবং

০৩। সেহেতু, সার্বিক পর্যালোচনায় অভিযুক্ত জনাব মোঃ আব্দুর রহিম, ফ্যাক্টরী ওভারশীয়ার (চাকরি হতে বরখাস্তকৃত), খুলনা জেলা কারাগার-এর আপিল আবেদন না-মঞ্জুরপূর্বক কারা অধিদপ্তর কর্তৃক গত ২২-১০-২০২৫ তারিখের ৫৮.০৪.০০০০.০২৮.০৬.০১৩.২৫.৭১৬ নং স্মারকমূলে তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে "চাকরি হতে বরখাস্ত" সূচক দণ্ডাদেশ বহাল রাখা হলো।

২৮/১/২৬
নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নং- ৪৪.[illegible]০০.০০০.২৩৬.২৭.০০০১.২৬. ০৭

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ / ২৮ জানুয়ারি ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
২। উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩। উপসচিব, কারা-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৮। যুগ্মসচিব (শৃঙ্খলা-২ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৯। জনাব মোঃ আব্দুর রহিম, ফ্যাক্টরী ওভারশীয়ার (চাকরি হতে বরখাস্তকৃত), খুলনা জেলা কারাগার, খুলনা
১০। অফিস কপি।

28-01-2026
মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব